তারিখ ... 16 AUG 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

দৈনিক ইত্তেফাক

119

79

# অভির মুক্তিলাভ ॥ পুনরায় গ্রেফতার ॥ ক্যাম্পাসে ভাংচুর অগ্নিসংযোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

গতকাল (বুধবার) জাতীয়তাবাদী ছাত্রদল নেতা গোলাম ফারুক অভি ঢাকা কেন্দ্রীয় কারাগার হইতে জামিনে মুক্তি পাওয়ার পর পুলিশ তাহাকে পুনরায় গ্রেফতার

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## মুক্তিলাভের পর

(১ম পৃঃ পর)

করিয়াছে। ইহার প্রতিবাদে ক্যাম্পাসে ৪টি গাড়ী ভাঙ্গচুর ও ২টি গাড়ীতে অগ্নিসংযোগ করা হয়। জসীম উদ্দিন হল ক্যাম্পাসে ৩/৪ রাউণ্ড গুলী বর্ষণের ঘটনা ঘটিয়াছে। ক্যাম্পাসের বিভিন্ন

(২য় পৃঃ দ্রঃ)

## মুক্তিলাভের পর

(শেষ পৃঃ পর)

এলাকায় পুলিশ প্রহরা জোরদার করা হইয়াছে।

গতকাল বেলা সাড়ে ৪টায় ১১ মাসের কারাজীবন শেষে অভি ছাড়া পান। এই সময় ছাত্রদলের কর্মীরা তাহাকে স্বাগত জানাইবার জন্য জেল গেটের সম্মুখে অপেক্ষা করিতেছিল। জেল হইতে অভিকে বাহিরে আসিতে দেখিয়া কর্মীরা শ্লোগান দিতে থাকে। তাহারা অভিকে নিয়া মিছিল শুরু করার প্রস্তুতি নিতেই পুলিশ পুনরায় অভিকে গ্রেফতার করিয়া জেলে নিয়া যায়। ফলে ছাত্রদলের কর্মীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। তাহারা উত্তেজিত অবস্থায় ক্যাম্পাসে ফিরিয়া আসে। ইহার পর ফজলুল হক হল পার্শ্ববর্তী রাস্তায় একটি প্রাইভেট কারে (ঢাকা-গ-৯১৮৯) আগুন ধরানো হয়, রোকেয়া হলের সম্মুখে বিদ্যুৎ সংযোগের কাজে নিয়োজিত একটি ট্রাক (ঢাকা-ড-৪৬৯২) ও টি,এস,সির সম্মুখে রেডিও বাংলাদেশের একটি কার (ঢাকা-ন ১০৫০) ভাঙ্গচুর হয়। লাইব্রেরীর পার্শ্ববর্তী রাস্তায় একটি কারে (সিলেট-ক-২০৫৭) আগুন ধরান হয়। এক পর্যায়ে কাটাবন সংলগ্ন রাস্তায় যানবাহনে ভাঙ্গচুরের চেষ্টা চালানো হয়। এই সময় ঢাকা-ন ৭১৫০ নম্বরের একটি পিক আপ ভ্যান মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়। প্রায় ২০/২৫ মিনিটের মধ্যে এইসব ঘটনা ঘটার এক পর্যায়ে পুলিশ ক্যাম্পাসে ছুটিয়া আসে। লাইব্রেরী এলাকায় উত্তেজিত ছাত্রদের সহিত পুলিশের মৃদু ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। বিকাল সাড়ে ৫ টায় ক্যাম্পাসের পরিবেশ কিছুটা স্বাভাবিক হইয়া আসিলেও জসীম উদ্দিন হল ক্যাম্পাসে পর পর ৩/৪ রাউণ্ড গুলীবর্ষণের ঘটনা পুনরায় উত্তেজনার সৃষ্টি করে। ছাত্রদলের কর্মীরা মিছিল সহকারে টি,এস,সি এলাকায় আসিয়া একটি প্রাইভেট কারে (ঢাকা মেট্রো-ভ ৯০৯৫) ভাঙ্গচুরের চেষ্টা চালাইলে পুলিশের সহিত তাহাদের মৃদু সংঘর্ষ হয়। পৌনে ৭টায় এই ঘটনায় রোকেয়া হলের সম্মুখে পর পর ৪/৫টি হাত বোমার বিস্ফোরণ ঘটে।

এদিকে গতকাল হইতে সকল বিভাগের তৃতীয় বর্ষের অনার্স পরীক্ষা শুরু হইয়াছে। আজ (বৃহস্পতিবার) হইতে সকল বিভাগের মাষ্টার্স পরীক্ষা শুরু হইবে। পরীক্ষার্থী একজন ছাত্র জানান, ক্যাম্পাসের অস্বাভাবিক পরিবেশ তাহাকে চিন্তিত করিয়া তুলিয়াছে। উল্লেখ্য, গত বছর ২০শে সেপ্টেম্বর রাতে পুলিশ মোহসীন হল হইতে অভিকে গ্রেফতার করে। তাহাকে গতকাল জেল গেট হইতে পুনরায় গ্রেফতার করিয়া ১২০ দিনের ডিটেনশন দেওয়া হইয়াছে। আমাদের কোর্ট রিপোর্টার জানান, গতকাল গোলাম ফারুক অভি ঢাকার তৃতীয় অতিরিক্ত দায়রা জজ আদালতে বিচারাধীন এক অস্ত্র আইনের মামলায় জামিন লাভ করেন। এডভোকেট আবদুর রহমান বিশ্বাস ও মকবুল হোসেন ফকির আসামীর পক্ষে জামিনের আবেদন পেশ করিয়াছিলেন।